## প্রকল্প পরিচিতি সংক্রান্ত

## প্রকল্পের নাম: "সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা ডিজিটালকরণ" প্রকল্প।

**প্রকল্পের সূত্রপাত:**

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর অধীনে টেলিযোগাযোগ অধিদপ্তর বিটিআরসি'র সামাজিক দায়বদ্ধতা তহবিলের অর্থায়নে "সুবিধাবঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা ডিজিটালকরণ" শীর্ষক প্রকল্প হাতে নেয়। প্রকল্পের বাস্তবায়ন কাল ০৪ আগষ্ট ২০২০ খ্রিঃ হতে ৩১ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ এবং প্রাক্কলিত ব্যয় টাকা ৮৩.২৫ কোটি (তিরাশি কোটি পঁচিশ লক্ষ)। প্রকৃতপক্ষে ব্যয় হয়েছে ৬৫.৭৬ কোটি (পয়ষট্টি কোটি ছিয়াত্তুর লক্ষ টাকা।

**প্রকল্প সাহায্য:** শূন্য।

**প্রকল্প এলাকা**:

সমগ্র বাংলাদেশের ৮টি বিভাগ, ৬৪টি জেলার ৬৫০টি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং পার্বত্য এলাকার ২৮টি পাড়াকেন্দ্র। মোট ৬৭৮টি শিক্ষা প্রতিষ্ঠানের ১৯৭৮টি শ্রেণীকক্ষ।

**প্রকল্পের উদ্দেশ্য:**

(১) আধুনিক সুবিধাবঞ্চিত বিভিন্ন অঞ্চলের ৬৫০টি সরকারি প্রাথমিক বিদ্যালয় ও পার্বত্য অঞ্চলের ২৮টি পাড়া কেন্দ্র, মোট ৬৭৮টি শিক্ষা প্রতিষ্ঠানের ১৯৭৮টি শ্রেণিকক্ষে ট্যাব, ল্যাপটপ, স্মার্ট ডিসপ্লে ডিভাইস ও ব্রডব্যান্ড ইন্টারনেট সহযোগে আধুনিক শিক্ষার উপযোগী ডিজিটাল ক্লাসরুম স্থাপন;
(২) ডিজিটাল বাংলাদেশ বিনির্মানের গতিকে ত্বরান্বিত করার জন্য আধুনিক সুবিধা বঞ্চিত দেশের বিভিন্ন অঞ্চলের ছাত্র-ছাত্রীদের ডিজিটাল ডিভাইসের মাধ্যমে শিক্ষা প্রদান করে প্রযুক্তি সমৃদ্ধ নাগরিক হিসেবে গড়ে তোলা;
(৩) শিক্ষা প্রদানের ক্ষেত্রে ডিজিটাল কন্টেন্ট ব্যবহারের সক্ষমতা তৈরী করা।

**প্রকল্পের প্রধান কার্যক্রমের লক্ষ্যমাত্রা:**

- আধুনিক সুবিধা বঞ্চিত বিভিন্ন অঞ্চলের ৬৫০টি সরকারি প্রাথমিক বিদ্যালয় ও পার্বত্য অঞ্চলের ২৮টি পাড়া কেন্দ্রর ১৯৭৮টি শ্রেণিকক্ষে ল্যাপটপ, ডিজিটাল ডিসপ্লে সহযোগে আধুনিক শিক্ষার উপযোগী ডিজিটাল ক্লাসরুম স্থাপন;
- দেশের সকল এলাকার আধুনিক সুবিধা বঞ্চিত প্রতিটি শিক্ষার্থীকে যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলা;
- শিক্ষা প্রদান/গ্রহন আকর্ষণীয় ও কার্যকর করার জন্য ডিজিটাল কন্টেন্ট ব্যবহার করা;
- শ্রেণী কক্ষের জন্য Digital Text books এর মাধ্যমে শিক্ষা প্রদানের ব্যবস্থা করা;
- ডিজিটাল যন্ত্রপাতির ব্যবহারের উপর শিক্ষক-শিক্ষিকাগণকে প্রশিক্ষণ প্রদান করা;
- প্রতিটি স্কুলে একটি করে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ দেয়া।